



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, পশ্চিমাঞ্চল, ফরিদপুর

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১১
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১২
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৩
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৫

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Regional/Zonal Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বন্যার ক্ষয়ক্ষতি হতে দেশের জনসাধারণের জানমাল রক্ষা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ, নদী ড্রেজিং, সেচ ব্যবস্থাপনা উন্নয়ন, জলাবদ্ধতা দূরীকরণ ও ভূমি পুনঃরুদ্ধারের কাজ করেছে। গত ৩ (তিন) বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পশ্চিমাঞ্চল জোন, ফরিদপুরে বিভিন্ন প্রকল্পের আওতায় ৩০.১৩৮ কিঃমিঃ নদী তীর সংরক্ষণমূলক কাজ বাস্তবায়িত হয়েছে। এছাড়াও ৮৪.৭৭৫ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন, ৫২.৮২০ কিঃমিঃ নদী খনন ও ৬৮.৯০০ কিঃমিঃ নদী ড্রেজিং, ১৩ কিঃমিঃ বাঁধ মেরামত এবং ৭ কিঃমিঃ দৈর্ঘ্যে বনায়ন কাজ বাস্তবায়িত হয়েছে। ফলে তৎসংলগ্ন এলাকাসমূহ নদী ভাঙ্গন হতে রক্ষা পেয়েছে এবং অনেক জমি বন্যামুক্তকরণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

অত্র জোনের আওতায় ৯ (নয়) টি এডিপিভুক্ত প্রকল্পের কাজ চলমান আছে। প্রকল্পগুলো বাস্তবায়ন করতে গিয়ে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এর মধ্যে প্রধান সমস্যা হলো ভূমি অধিগ্রহণের সমস্যা। তাছাড়া ভূ-প্রাকৃতিক অবস্থান ও জলবায়ু পরিবর্তনের কারণে ভৌত কাজ টেকসই করা কঠিন। শুল্ক মৌসুমে উজানে পানি প্রবাহ বাঁধাগ্রস্ত হওয়ায় পানির স্তর ক্রমাবনতি ও আকস্মিক বন্যার কারণে বাস্তবায়িত কাজ আংশিক বা সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। এর ফলে মানুষের মধ্যে বিরূপ মনোভাব সৃষ্টি হয়। অনেক সময় ড্রেজিংকৃত নদী উজান থেকে নেমে আসা পলি দ্বারা সহজেই ভরাট হয়ে যায়। নদী মাতৃক দেশ হওয়া সত্ত্বেও বর্ষা মৌসুমে পানির আধিক্য এবং শুল্ক মৌসুমে পানির দুষ্প্রাপ্যতা বাংলাদেশের প্রকৃত বাস্তবতা। আবার প্রকৃতিগতভাবে পদ্মা, গড়াই ও আড়িয়াল খাঁ সহ অন্যান্য নদীতে পলি জমার কারণে নদীর তলদেশ ভরাট হয়ে নদীর পানি ধারণ ক্ষমতা হ্রাস পাচ্ছে। ফলে বর্ষা মৌসুমে উজান থেকে অতিরিক্ত পানি প্রবাহের কারণে নদী তীরে ভাঙ্গন এবং তীরবর্তী এলাকায় বন্যা দেখা দেয়। অন্যান্য সেক্টরে সারা বছর কাজ করার সুযোগ থাকলে পানি সম্পদ সেক্টরে অক্টোবর মাসে বন্যার পানি কমার পর হতে শুরু করে নভেম্বর-এপ্রিল মাত্র ৬ (ছয়) মাস সর্বোচ্চ পাওয়া যায় কাজ সম্পাদনের জন্য। এই অতি সীমিত সময়কালের মধ্যে প্রাকৃতিক দুর্যোগ, পাহাড়ী ঢল বিবিধ সমস্যার উত্তরণ করে টেকসই ভৌতকাজ বাস্তবায়ন এ সেক্টরের প্রধান চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

সরকারের রূপকল্প-২০৪১ এর বাস্তবায়নের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সাল নাগাদ একটি সমৃদ্ধ দেশের মর্যাদা অর্জন করার রোডম্যাপ সরকার গ্রহণ করেছে। SDGs এর ৩টি লক্ষ্যমাত্রা অর্জনে লীড, ১টি লক্ষ্যমাত্রা অর্জনে কো-লীড এবং ২০টি লক্ষ্যমাত্রা অর্জনে এসোসিয়েট হিসেবে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড দায়িত্ব পালন করেছে। জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ সংক্রান্ত ঝুঁকি অর্থনীতির বিভিন্ন খাতসহ জাতীয় পর্যায়ে অভীষ্ট ও লক্ষ্য অর্জনে সরকার “বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০” নামে বাংলাদেশের প্রথম শতবর্ষী মহাপরিকল্পনা গ্রহণ করেছে। মহাপরিকল্পনাটির প্রায় ৮০% বাস্তবায়নের গুরু দায়িত্ব পানি সম্পদ মন্ত্রণালয় হতে অর্পিত এবং সে লক্ষ্যে ইতোমধ্যে প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন করা হচ্ছে। মাদারীপুর শহর এবং তৎসংলগ্ন এলাকা প্রতিরক্ষা ও পুনর্বাসন প্রকল্পসহ শরীয়তপুর জেলায় প্রস্তাবিত প্রকল্প অনুমোদনের অপেক্ষায় আছে। প্রস্তাবিত এবং নতুন অনুমোদিত প্রকল্পের কাজ বাস্তবায়নের ফলে বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধকরণ, সেচ ব্যবস্থার উন্নয়ন, শস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সেচ ব্যবস্থার উন্নয়ন, দুর্যোগ মোকাবেলায় আপদকালীন কার্যক্রমে দ্রুত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে অত্র এলাকা প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করা সম্ভব হবে।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ১৫.৩৫০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ, ৭.০০০ কিঃমিঃ নদী ড্রেজিং, ৯.৮৭০ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন কাজ এবং ৪ টি পানি নিয়ন্ত্রন কাঠামো (উইইয়ার ও রেগুলেটর) নির্মাণ করার মাধ্যমে নদী ভাঙ্গন রোধ ও বন্যামুক্তকরণ এবং পরিবেশের ভারসাম্য রক্ষা ও নিষ্কাশন সুবিধা প্রদান করা সম্ভব হবে।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, পশ্চিমাঞ্চল, ফরিদপুর

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর মধ্যে ২০২৪ সালেরজুন..... মাসের২৫..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা

১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদের সুশ্রম ও সমন্বিতপানি ব্যবস্থাপনার মাধ্যমে জনগণের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ
২. সেচ ব্যবস্থার সুশ্রম, সমন্বিত ও টেকসই উন্নয়ন
৩. পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিকাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধ এবং লবণাক্ততা ও মরুকরণ প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম
২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিরূপন সম্পর্কিত কার্যক্রম
৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিক গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম
৪. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচীর আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;
৫. ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিকাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি;
৬. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ ও ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি;
৭. নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাঙ্গসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
বন্যা ঝুঁকি হ্রাস	১১০ লক্ষ হেক্টর বন্যামুক্ত ও পানি নিষ্কাশন এলাকার কভারেজ (অত্র জোনে ৬.১২ লক্ষ হেক্টর)	শতাংশ	৫৯.০৫	৫৯.৫৫	৬০.০৫	৬০.৫৫	৬১.০৫	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন
সেচ এলাকা এবং শস্য নিভিরতা বৃদ্ধি	২.৪২ লক্ষ হেক্টর সেচ এলাকা এবং শস্য নিভিড়তার কভারেজ (ক্রমপুঞ্জিভূত)	শতাংশ	৬৯.৮৩	৭০.০৩	৭০.২৩	৭০.৪৩	৭০.৬৩	কৃষি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ	৩৬	[১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ	[১.১.১] নদী তীর সংরক্ষণ	সমষ্টি	কিঃমিঃ	২০	১০.৭২৫	৯.০৭৫	১৫.৩৫০	১৩.৮০০	১২.০০০	১০.৫০০	৯.০০০	৯.০০০	৬.০০০
		[১.২] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন	[১.২.১] ডেজারের মাধ্যমে নদী পুনঃখনন	সমষ্টি	কিঃমিঃ	১৬	৩৫.৯৭৭	৯.১৫০	৭.০০০	৬.০০০	৫.৫০০	৫.০০০	৪.০০০	৩.০০০	৩.০০০
[২] সেচ ব্যবস্থার সুযম, সমন্বিত ও টেকসই উন্নয়ন	২০	[২.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	[২.১.১] নিষ্কাশন খাল খনন/পুনঃ খনন	সমষ্টি	সংখ্যা	১০	৫০.০০০	৩৪.৭৭৫	৯.৮৭০	৮.৫০০	৮.০০০	৭.০০০	৬.০০০	০	০
			[২.১.২] পানি নিয়ন্ত্রন কাঠামো নির্মান	সমষ্টি	সংখ্যা	১০	০	৪	৩	৩	৩	২	১	১	
[৩] পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন	১৪	[৩.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার	[৩.১.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার	সমষ্টি	শতাংশ	৭		১০০	১০০	৯০	৮০				
		[৩.২] মাসিক এডিপি পর্যালোচনা সভার আয়োজন	[৩.২.১] মাসিক এডিপি পর্যালোচনা সভার আয়োজন	সমষ্টি	সংখ্যা	২		১২	১২	১১	১০				
		[৩.৩] উন্নয়ন প্রকল্প মনিটরিং	[৩.৩.১] প্রকল্প এলাকার কাজের সাইট পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	৫		২৪	২৪	২২	২০				


কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, পশ্চিমাঞ্চল, ফরিদপুর, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হিসাবে প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, পশ্চিমাঞ্চল, ফরিদপুর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী এর দপ্তর, পশ্চিমাঞ্চল, ফরিদপুর

২৭/০৬/২০২৪

তারিখ



মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৫-০৬-২৪

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	এডিপি	বার্ষিক উন্নয়ন কর্মসূচি
২	জেআরসি	জয়েন্ট রিভার কমিশন
৩	নগই	নদী গবেষণা ইনিস্টিটিউট
৪	পাসম	পানি সম্পদ মন্ত্রণালয়
৫	বাপাউবো	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬	বাহাজউঅ	বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৭	সিডিএসপি	চর ডেভেলপমেন্ট ও সেটেলমেন্ট প্রকল্প

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ	[১.১.১] নদী তীর সংরক্ষণ		
[১.২] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন	[১.২.১] ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন		
[২.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	[২.১.১] নিষ্কাশন খাল খনন/পুনঃ খনন		
	[২.১.২] পানি নিয়ন্ত্রন কাঠামো নির্মাণ		
[৩.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার	[৩.১.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার		
[৩.২] মাসিক এডিপি পর্যালোচনা সভার আয়োজন	[৩.২.১] মাসিক এডিপি পর্যালোচনা সভার আয়োজন		
[৩.৩] উন্নয়ন প্রকল্প মনিটরিং	[৩.৩.১] প্রকল্প এলাকার কাজের সাইট পরিদর্শন		

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	নিষ্কাশন খাল খনন/পুনঃ খনন	সংশ্লিষ্ট জেলা প্রশাসন	নদী/খাল খননের এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা থাকলে তা উচ্ছেদ না করা পর্যন্ত কাজ পরিচালনা করা যায়না। নদী/খাল খননের নির্ধারিত এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যথাদ্রুত ও নিয়মিত উচ্ছেদের জন্য জেলা প্রশাসন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স প্রয়োজন হবে। এ বিষয়ে বাপাউবো হতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের সাথে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে।
নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঞ্জন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন	ডেজারের মাধ্যমে নদী পুনঃখনন	সংশ্লিষ্ট জেলা প্রশাসন	নদী/খাল খননের এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা থাকলে তা উচ্ছেদ না করা পর্যন্ত কাজ পরিচালনা করা যায়না। নদী/খাল খননের নির্ধারিত এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যথাদ্রুত ও নিয়মিত উচ্ছেদের জন্য জেলা প্রশাসন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স প্রয়োজন হবে। এ বিষয়ে বাপাউবো হতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের সাথে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে।
নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	নিষ্কাশন খাল খনন/পুনঃ খনন	সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (সড়ক ও জনপথ অধিদপ্তর)/ স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয় (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর)/ রেলপথ মন্ত্রণালয় (বাংলাদেশ রেলওয়ে)	যে সকল ব্রিজের ফাউন্ডেশন ট্রাটমেন্ট প্রয়োজন হবে তা সম্পাদন না করে তার উজান হতে ভাটি নদী/খাল খনন করা যাবে না। যে সকল নদী/খাল খনন প্রকল্পে ব্রিজের ফাউন্ডেশন ট্রাটমেন্টের সংস্থান রয়েছে, উক্ত ব্রিজের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পরামর্শক্রমে বাপাউবো নিজে বা উক্ত কর্তৃপক্ষের মাধ্যমে ডেপোজিট ওয়ার্ক হিসেবে দ্রুত ব্রিজের ফাউন্ডেশন ট্রাটমেন্ট কাজের বাস্তবায়ন করা যেতে পারে। সে লক্ষ্যে পাসম ও বাপাউবো হতে মন্ত্রণালয়/সংস্থা পর্যায়ে পত্র যোগাযোগ, আন্তঃমন্ত্রণালয় সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে।
নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঞ্জন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন	ডেজারের মাধ্যমে নদী পুনঃখনন	সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (সড়ক ও জনপথ অধিদপ্তর)/ স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয় (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর)/ রেলপথ মন্ত্রণালয় (বাংলাদেশ রেলওয়ে)	যে সকল ব্রিজের ফাউন্ডেশন ট্রাটমেন্ট প্রয়োজন হবে তা সম্পাদন না করে তার উজান হতে ভাটি নদী/খাল খনন করা যাবে না। যে সকল নদী/খাল খনন প্রকল্পে ব্রিজের ফাউন্ডেশন ট্রাটমেন্টের সংস্থান রয়েছে, উক্ত ব্রিজের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পরামর্শক্রমে বাপাউবো নিজে বা উক্ত কর্তৃপক্ষের মাধ্যমে ডেপোজিট ওয়ার্ক হিসেবে দ্রুত ব্রিজের ফাউন্ডেশন ট্রাটমেন্ট কাজের বাস্তবায়ন করা যেতে পারে। সে লক্ষ্যে পাসম ও বাপাউবো হতে মন্ত্রণালয়/সংস্থা পর্যায়ে পত্র যোগাযোগ, আন্তঃমন্ত্রণালয় সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে।
নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	নিষ্কাশন খাল খনন/পুনঃ খনন	পরিকল্পনা কমিশন/ অর্থ বিভাগ, অর্থ বিভাগ	প্রাপ্ত বরাদ্দের একটি নির্দিষ্ট অংশের অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো হতে পাসমের মাধ্যমে পত্র যোগাযোগ, সভা প্রভৃতি উপায়ে চাহিদা মাসিক বরাদ্দ প্রাপ্তি ও প্রাপ্ত বরাদ্দের সমুদয় অর্থছাড় কার্যক্রমের সমন্বয় করা হবে।
নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	পানি নিয়ন্ত্রন কাঠামো নির্মাণ	পরিকল্পনা কমিশন/ অর্থ বিভাগ, অর্থ বিভাগ	প্রাপ্ত বরাদ্দের একটি নির্দিষ্ট অংশের অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো হতে পাসমের মাধ্যমে পত্র যোগাযোগ, সভা প্রভৃতি উপায়ে চাহিদা মাসিক বরাদ্দ প্রাপ্তি ও প্রাপ্ত বরাদ্দের সমুদয় অর্থছাড় কার্যক্রমের সমন্বয় করা হবে।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার	বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার	পরিকল্পনা কমিশন/ অর্থ বিভাগ, অর্থ বিভাগ	প্রাপ্ত বরাদ্দের একটি নির্দিষ্ট অংশের অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো হতে পাসমের মাধ্যমে পত্র যোগাযোগ, সভা প্রভৃতি উপায়ে চাহিদা মাফিক বরাদ্দ প্রাপ্তি ও প্রাপ্ত বরাদ্দের সমুদয় অর্থছাড় কার্যক্রমের সমন্বয় করা হবে।
নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ডেজিং/পুনঃখনন	ডেজারের মাধ্যমে নদী পুনঃখনন	পরিকল্পনা কমিশন/ অর্থ বিভাগ, অর্থ বিভাগ	প্রাপ্ত বরাদ্দের একটি নির্দিষ্ট অংশের অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো হতে পাসমের মাধ্যমে পত্র যোগাযোগ, সভা প্রভৃতি উপায়ে চাহিদা মাফিক বরাদ্দ প্রাপ্তি ও প্রাপ্ত বরাদ্দের সমুদয় অর্থছাড় কার্যক্রমের সমন্বয় করা হবে।
নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ	নদী তীর সংরক্ষণ	পরিকল্পনা কমিশন/ অর্থ বিভাগ, অর্থ বিভাগ	প্রাপ্ত বরাদ্দের একটি নির্দিষ্ট অংশের অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো হতে পাসমের মাধ্যমে পত্র যোগাযোগ, সভা প্রভৃতি উপায়ে চাহিদা মাফিক বরাদ্দ প্রাপ্তি ও প্রাপ্ত বরাদ্দের সমুদয় অর্থছাড় কার্যক্রমের সমন্বয় করা হবে।

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ